

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-৩(বাজেট)।

স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০১.০০৩.১২-৮৭

তারিখঃ ০২ চৈত্র ১৪২০ বঙ্গাব্দ  
১৬ মার্চ ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের অনুদান প্রদানের বিজ্ঞপ্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ০৪/০২/২০১০ তারিখের নং-শাঃ৩/১জি-৮/২০০৯/৪৬ স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের অনুন্নয়ন রাজস্ব বাজেটের আওতায় ২৫-২৫০৫-৩৪৩৩-৫৯০১ কোডে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে একটি নীতিমালা জারী করা হয় (যা শিক্ষা মন্ত্রণালয়ের [www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd) ওয়েব সাইটে দেয়া আছে)। ২০১৩-১৪ অর্থ বছরে বর্ণিত খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের জন্য ০৯/০৩/২০১৪ তারিখের “দৈনিক ইত্তেফাক” পত্রিকায় বিজ্ঞপ্তি জারী করা হয়েছে।

০২। এমতাবস্থায়, পত্রিকায় জারীকৃত বিজ্ঞপ্তি অনুযায়ী উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও শিক্ষার্থীদের স্ব স্ব জেলা কমিটির সুপারিশসহ নামের তালিকা জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ ফজলুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫১২২০৫

জেলা প্রশাসক,

..... (সকল)।

স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০১.০০৩.১২---

তারিখঃ ০২ চৈত্র ১৪২০ বঙ্গাব্দ  
১৬ মার্চ ২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(পত্রটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব(প্রঃ ও অর্থ)/যুগ্ম-সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ ফজলুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব